গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ'প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## 'গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ' প্রকল্পের আওতায় চলমান/দরপত্র আহবানকৃত সেতু/কালভার্টের নির্মাণ কাজ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে সভার কার্যবিবরণী-

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ শফিকুল ইসলাম(যুগ্ম-সচিব), প্রকল্প পরিচালক |
| সভার তারিখ | : | ০৩ নভেম্বর' ২০২৫খ্রি. |
| সভার সময় | : | দুপুর ০২:০০ ঘটিকা |
| সভার স্থান | : | প্রকল্প পরিচালকের কক্ষ |
| উপস্থিত সদস্যদের তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে জানান যে, প্রকল্পের সমুদয় কাজ আগামী ৩০-০৬-২০২৬খ্রি. তারিখের মধ্যে সফলভাবে সম্পাদনে নানাবিধ চ্যালেঞ্জ রয়েছে। উক্ত চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করে প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল নির্ধারণে এ সভার গুরুত্ব অপরিসীম। তিনি সভায় আরও জানান যে, প্রকল্পের আওতায় চলমান সকল সেতু/কালভার্টসমূহের কাজ দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অত:পর প্রকল্পের সফল বাস্তবায়নে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র/নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ক) | চলমান ও দরপত্র আহবানকৃত সকল সেতু/কালভার্টের নির্মাণ কাজ ড্রইং, ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী শতভাগ গুণগতমান বজায় রেখে আবশ্যিকভাবে আগামী ৩১-০৫-২০২৬খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত করার লক্ষ্যে প্রত্যেক সহকারী প্রকৌশলীকে স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত এলাকায় নির্মাণাধীন প্রতিটি সেতু/কালভার্টের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা আগামী ১০-১১-২০২৫খ্রি. তারিখের মধ্যে প্রকল্প পরিচালকের নিকট দাখিল করতে হবে এবং তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; | উপপ্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী |
| খ) | যে সকল স্থানে পুরনো স্থাপনা রয়েছে তা অতি দ্রুত অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে সেতু/কালভার্টের নির্মাণ কাজ শুরু করতে বিলম্ব না হয়; | |
| গ) | কার্যাদেশ প্রদানের পরপরই সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রকল্প সাইট বুঝিয়ে দিয়ে সাইটে মালামাল মজুত করাসহ মালামালের ল্যাবটেস্ট সম্পন্ন করে কাজ শুরুর উদ্যোগ গ্রহণ করতে হবে; | |
| ঘ) | চুক্তি সম্পাদনের পর পরই সকল ঠিকাদারদের নিকট থেকে কার্যাদেশে উল্লিখিত মেয়াদের মধ্যে নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন করার লক্ষ্যে সময়াবদ্ধ বিস্তারিত কর্মপরিকল্পনা নিতে হবে। কেউ কর্মপরিকল্পনা দাখিল না করলে কিংবা পরিকল্পনা মোতাবেক বাস্তব অগ্রগতি না হলে চলতি বিল প্রদান করা হবে না। চলতি বিল প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এর চাহিদা পত্রে সংশ্লিষ্ট প্রকৌশলীর প্রদেয় অর্থের পরিমাণ উল্লেখপূর্বক লিখিত সুপারিশ থাকতে হবে; | |
| ঙ) | গার্ডার সেতুর প্রি-কাস্ট পাইলের ক্ষেত্রে কার্যাদেশ প্রদানের অনধিক ১৫(পনেরো) দিনের মধ্যে ডিজাইন মোতাবেক পাইল প্রস্তুত করার উদ্যোগ নিতে হবে যাতে করে সাইট থেকে পানি সরে যাওয়ার পর পরই (যদি থাকে) পাইল ড্রাইভ করা যায়; | |
| চ) | কার্যাদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে যৌক্তিক কারণ ব্যতিরেকে কাজ শুরু না করলে ঠিকাদারের কার্যাদেশ বাতিল করত: আইনগত ব্যবস্থা নিতে হবে। প্রকল্পের মেয়াদ উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য ঠিকাদারকে পুন:পুন সতর্কতা নোটিশ দিতে হবে; | |

| | | |
|---|---|---|
| ছ) | কার্যাদেশ প্রদানের পর যৌক্তিক কারণ ব্যতিরেকে কোনরুপ কালবিলম্ব না করে দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী নিজে/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/কার্যসহকারী এর উপস্থিতে সাইটে লে-আউট প্রদান নিশ্চিত করতে হবে; | উপপ্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী |
| জ) | প্রকল্প স্থলে সার্বক্ষণিকভাবে সাইট অর্ডার বুক রাখা, প্রতিটি পরিদর্শনের সময় সাইট অর্ডার বুকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং পূর্ববর্তী নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত মন্তব্য লিপিবদ্ধ করতে হবে। চূড়ান্ত বিলের সাথে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়নকৃত সাইট অর্ডার বুক প্রেরণ নিশ্চিত করতে হবে; | |
| ঝ) | প্রকল্পের মনিটরিং কার্যক্রম জোরদার করার লক্ষ্যে প্রকল্প কার্যালয়ের নির্দিষ্ট দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় সময় ছাড়া প্রকৌশলীগণ স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত এলাকায় নিয়মিত পরিদর্শন করবেন। প্রতিটি ঢালাইয়ের সময় প্রকৌশলী নিজে/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/কার্যসহকারী উপস্থিত থাকবেন এবং ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রকল্প পরিচালক/উপপ্রকল্প পরিচালক'কে অবহিত করবেন; | |
| ঞ) | প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীগণকে তাঁর দায়িত্বপ্রাপ্ত এলাকার সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/কার্যসহকারী/ঠিকাদার এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ নিশ্চিত করতে হবে; | |
| ট) | প্রতি রবিবার সকল ১০:০০ ঘটিকায় সাপ্তাহিক অগ্রগতি সংক্রান্ত সভায় প্রকৌশলীগণ স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত এলাকার অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করবেন; | |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শফিকুল ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোন:- ০২-২২২২২৮৮৫৭০
ই-মেইল: pd.bridge@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৭.০০৫.১৯(অংশ-০৫)- ১১০৮ তারিখ: ০৩/১১/২০২৫খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):-

০১. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
০৩. জেলা প্রশাসক, জেলা: -------------------------------- (সকল);
০৪. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: ----------------------------, জেলা: -------------------------------;
০৫. উপপ্রকল্প পরিচালক, সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
০৬. প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা; (তাঁকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ);
০৭. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা: -------------------------------- (সকল);
০৮. সহকারী প্রকল্প পরিচালক, সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
০৯. দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী, সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা: --------------------------, জেলা: -------------------------;
১১. জনাব ------------------------------------------, ঠিকাদার, মেসার্স ----------------------------------------;
১২. সংরক্ষিত কপি।